

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী
সদর দপ্তর, বিলগাঁও, ঢাকা-১২১৯
www.ansarvdp.gov.bd

স্মারক নং-৪৪.০৩.০০০০.০১১.২৫.০০১.১৪- ২৪৬৮

তারিখ: ২০/০১/১৪২৬ বঙ্গাব্দ।
২০/০১/২০১৯ খ্রিষ্টাব্দ।

অফিস আদেশ

আনসার ডিডিপি একাডেমি, সফিপুর, গাজীপুর এর স্মারক নং-৪৪.০৩.০০০০.১০৪.৩২.০০৩.১২-১১৩৮, তারিখ- ১৯/০৯/২০১৯ খ্রি:, সদর দপ্তর, প্রশিক্ষণ পরিদপ্তর, (আনসার) শাখার স্মারক নং-৪৪.০৩.০০০০.০৬১.৩৩.০৮৫.১৬-২৯৬, তারিখ- ১৯/০৯/২০১৯ খ্রি: ও সদর দপ্তর, রেকর্ড শাখার স্মারক নং-৪৪.০৩.০০০০.০১৩.২৯.০০১.১৮-১২৯৭, তারিখ-২২/০৯/২০১৯ খ্রি: এর প্রেক্ষিতে ৩৫ ও ৩৬তম বিসিএস (আনসার) প্রশিক্ষণার্থী কর্মকর্তাদের মৌলিক প্রশিক্ষণ ও এমএইচএস প্রোগ্রামের গুরুত্বপূর্ণ অংশ হিসেবে মাঠপর্যায়ে ইউনিট সমূহের অফিস ব্যবস্থাপনা, প্রশাসনিক বিভিন্ন কার্যক্রম, আভিযানিক কার্যক্রম, গবেষণা সংক্রান্ত কার্যক্রমে বাস্তব জ্ঞানার্জন, অনুশীলন ও প্রস্তুতি গ্রহণ ও এ সকল কার্যক্রমকে ফলপ্রসূ করার লক্ষ্যে নিম্ন 'ছক' মোতাবেক বিভিন্ন ইউনিটে প্রশিক্ষণার্থী কর্মকর্তাদের সংযুক্ত করা হলো।

ক্রম নং	তারিখ		সংযুক্ত ইউনিট	সংযুক্তি	মন্তব্য
	ইউনিটে	পর্যায়			
১	০১/১০/২০১৯	০৭/১০/২০১৯	সদর দপ্তর	পরিশিষ্ট 'ক'	সদর দপ্তরের বিভিন্ন শাখার সাথে পরিচিতি ও কার্যক্রম পর্যবেক্ষণ
২	০৮/১০/২০১৯	১২/১০/২০১৯	নিজ জেলা ও উপজেলা	পরিশিষ্ট 'খ'	নিজস্ব এলাকার সংগঠনের সাথে পরিচিতি
৩	১৩/১০/২০১৯	১৯/১০/২০১৯	নিজ কর্মস্থল	পরিশিষ্ট 'গ'	প্রশিক্ষণ লব্ধ জ্ঞানের সাথে মাঠ পর্যায়ের কার্যক্রম পর্যবেক্ষণ
৪	২০/১০/২০১৯	২৬/১০/২০১৯	স্টাডি এরিয়া	পরিশিষ্ট 'ঘ'	গবেষণা কার্যক্রমের তথ্য ও উপাত্ত সংগ্রহ
৫	২৭/১০/২০১৯	৩০/১১/২০১৯	মাঠ পর্যায়ের ইউনিট (ব্যাটালিয়ন)	পরিশিষ্ট 'ঙ'	ইউনিট পর্যায়ের প্রশাসনিক ও আভিযানিক কার্যক্রম সম্পর্কে ধারণা লাভ

- ২। প্রশিক্ষণার্থী কর্মকর্তাগণ প্রতিটি সংযুক্ত কর্মস্থলের কাজ সম্পর্কে একটি রিপোর্ট সংযুক্ত ইউনিট প্রধানের প্রত্যয়ন গ্রহণপূর্বক কোর্স ম্যানেজমেন্টের নিকট উপস্থাপন করবেন।
 - ৩। প্রশিক্ষণার্থী কর্মকর্তাগণ আগামী ০১/১২/২০১৯ খ্রি: তারিখে যিসিস পেপারের প্রেজেন্টেশন প্রদানপূর্বক জমা করার জন্য আনসার ডিডিপি একাডেমিতে রিপোর্ট করবেন এবং কার্যক্রম শেষে ০৮/১২/২০১৯ খ্রি: তারিখে আনসার ডিডিপি একাডেমি হতে ছাড়পত্র নিয়ে নিজ নিজ কর্মস্থলে যোগদান করবেন। উল্লেখ্য উক্ত কর্মকর্তাদের সমাপনী কুচকাওয়াজ আগামী ২৯/০৯/২০১৯ খ্রি: তারিখে অনুষ্ঠিত হবে।
 - ৪। কোর্স ম্যানেজমেন্ট টিম সংযুক্তকালীন তাদের কার্যক্রম সংশ্লিষ্ট ইউনিট প্রধানের মাধ্যমে তদারকি করবেন। প্রয়োজনে কোর্স ম্যানেজমেন্ট সংযুক্ত কর্মস্থলে গমনপূর্বক পরিদর্শন করবেন।
 - ৫। বর্ণিত কর্মকর্তা বিধি মোতাবেক ভাতাদি প্রাপ্য হবেন।
 - ৬। কর্তৃপক্ষের নির্দেশক্রমে এ আদেশ জারী করা হলো।
- সংযুক্ত: পরিশিষ্ট-ক, খ, গ, ঘ ও ঙ- ০৫ (পাঁচ) পাতা।


মোঃ আলমগীর শিকদার
উপ-পরিচালক (প্রশাসন)
দুরা: নাপনী: ৪৭২১৭৫২৬
ই-মেইল: ddadmin@ansarvdp.gov.bd